দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ 23 DEC 1988
পৃষ্ঠা ... কলাম ...

# ফার্স্ট লেডীর চট্টগ্রাম ক্যান্টনমেন্ট প্রাথমিক স্কুল উদ্বোধন

চট্টগ্রাম, ২২শে ডিসেম্বর (বাসস)।— ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ আজ এখানে জাহাঙ্গীর লেনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে ক্যান্টনমেন্ট বোর্ড প্রাথমিক বিদ্যালয় উদ্বোধন করেন।

স্কুলের ফলক উন্মোচন করে ফার্স্ট লেডী এর উজ্জ্বল ভবিষ্যতের জন্য মোনাজাত করেন।

তিনি শ্রেণী কক্ষগুলো ঘুরে দেখেন এবং উপস্থিত ছেলেমেয়েদের সম্পর্কে খোঁজ খবর নেন। তিনি তাদের মাঝে মিষ্টি বিতরণ করেন।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ফার্স্ট লেডী

(১ম পৃঃ পর)

ফার্স্ট লেডী ভিজিটরস বুকে লেখেন আমি আশা করি এই শিক্ষাপ্রতিষ্ঠান জাতি গঠনে যথাযোগ্য অবদান রাখতে সক্ষম হবে।

পরে এই উপলক্ষে সমবেত মহিলাদের সঙ্গে কথা বলার সময়ে বেগম রওশন এরশাদ তাদের পরিবার পরিকল্পনা গ্রহণের উপদেশ দেন এবং তাদের ছেলেমেয়েরা যাতে দেশের উপযুক্ত নাগরিক হতে পারে তার জন্য তাদের যত্নের সঙ্গে লালন-পালন করতে বলেন।

তিনি বলেন, পরিবার পরিকল্পনা অবলম্বন করলে একদিকে আপনারা যেমন স্বাস্থ্য ভাল রাখতে পারবেন, অন্যদিকে তেমন ছেলেমেয়েদের শিক্ষা দিতে পারবেন।